



## পুলিশী বাধা উপেক্ষা করে ময়না তদন্ত ছাড়াই পলিটেকনিক ছাত্রের লাশ নিয়ে গেছে ছাত্ররা

স্টাফ রিপোর্টারঃ তেজগাঁও পলিটেকনিক ছাত্রের লাশ বাড়াবাড়ি নিয়ে গতকাল (বৃহস্পতিবার) দুপুরে ঢাকা মেডিকেলের জরুরী বিভাগে পুলিশের সাথে ছাত্রদের সংঘর্ষের ঘটনা ঘটেছে। ছাত্ররা ময়না তদন্ত ছাড়াই নিহতের লাশ ছিনিয়ে নিয়ে গেছে। এই ঘটনায় গোটা ঢাকা মেডিকেল চক্রে চরম উত্তেজনা ছড়িয়ে পড়েছিল। জানা গেছে, গতকাল (বৃহস্পতিবার) সকাল ১১টায় ঢাকা ক্যান্টিনমেটের ১৪/ভি. ৩/৪ নম্বর টিনশেড কলোনীতে বৈদ্যুতিক শট সার্কিটে তেজগাঁও পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্র মোহাম্মদ হাবিব (১৮)-

এর মৃত্যু ঘটে। তার অচেতন দেহ দুপুরে ১২টায় ঢাকা মেডিকেলের জরুরী বিভাগে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এরপর হাবিবের লাশটি রাখা হয় জরুরী বিভাগের লাশঘরে। এদিকে খবর পেয়ে পলিটেকনিক থেকে ৫০/৬০ জন ছাত্র এবং কয়েকজন এলাকাবাসী এসে ভিড় করেন। তারা ময়না তদন্ত ছাড়াই জোরপূর্বক লাশ নিয়ে যাওয়ার চেষ্টা চালায়। তখন হাসপাতালের লোকজন তাদের বাধা দেয় এবং পুলিশ ক্যাম্পে খবর দেয়। পুলিশ এসে তাদের বাধা দিলে উভয়

৫-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

### পুলিশী বাধা উপেক্ষা করে

প্রথম পৃষ্ঠার পর

পক্ষের মধ্যে ধাক্কাধাক্কি বেধে যায়। এক পর্যায়ে পুলিশী বাধা উপেক্ষা করেই ছাত্ররা লাশটি নিয়ে যায়।